

APR. 25 2002

দৈনিক কাকত

তারিখ ... ..  
পৃষ্ঠা ... কলাম ... ৬ ...

## দিনাজপুর বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষ ॥ আহত ২০ ॥ বন্ধ ঘোষণা

দিনাজপুর, ২৪ এপ্রিল, নিজর সংবাদদাতা ॥  
দিনাজপুর সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে বুধবার  
ছাত্রলীগ-ছাত্রদলের সংঘর্ষে কমপক্ষে ২০ জন আহত  
হয়েছে। আশঙ্কাজনক অবস্থায় ৫ জনকে দিনাজপুর  
মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।  
কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা  
করেছে। ক্যাম্পাসে দাঙ্গা পুলিশ মোতায়েন রয়েছে।  
জানা গেছে, ছাত্র হোস্টেলে বহিরাগত এক যুবক এক  
ছাত্রীকে নিয়ে আমোদ-মুত্তির সময় কয়েক ছাত্র প্রতিবাদ  
করতে গেলে এ পরিস্থিতির সৃষ্টি হয়। বিষয়টি দপ্তরীয়  
পর্যায়ে মোড় নেয়। ফলে সকাল ১১টা থেকে দুপুর  
আড়াইটা পর্যন্ত সাড়ে ৩ ঘণ্টাব্যাপী রণসঙ্কায় সজ্জিত  
ছাত্রদল ও ছাত্রলীগের রক্তক্ষয়ী সংঘর্ষে আহত হয়  
কমপক্ষে ২০ ছাত্র। কলেজের মুসলিম ছাত্রাবাসে ব্যাপক  
ভাংচুর করা হয়েছে।